মঞ্জুরী নং-৩৮

৪৪- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	488,02,48	506,65,16	548,20,11
উন্নয়ন	373,46,00	456,75,66	542,42,44
মোট	861,48,48	963,40,82	1090,62,55

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

মৎস্য ও প্রাণিসম্পদের উন্নয়ন, সংরক্ষণ, গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করে দেশের প্রাণিজ প্রোটিনের চাহিদা পূরণ ও রপ্তানি বৃদ্ধিতে সহযোগিতা প্রদান।

১.২ প্রধান কার্যাবলি

(ক) মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন;

(খ) মৎস্য, গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির জাত উন্নয়ন, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

(গ) মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও প্রশিক্ষণ;

(ঘ) প্রাণিপুষ্টি ও কৃত্রিম প্রজনন;

(ঙ) মৎস্য সম্পদ ও প্রাণি জরিপ এবং চিড়িয়াখানা সংক্রান্ত বিষয়াদি;

(চ) সামুদ্রিক মৎস্য উন্নয়ন, আহরণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা;

(ছ) দুগ্ধ ও গবাদি প্রাণি এবং হাঁস মুরগির খামার ব্যবস্থাপনা ও মান নিয়ন্ত্রণ;

(জ) প্রোটিনে আত্মনির্ভরশীলতা অর্জনে মাছ, মাংস, দুধ ও ডিমের উৎপাদন বৃদ্ধি।

২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. অভ্যন্তরীণ বদ্ধ ও উন্মুক্ত জলাশয়ে মৎস্য চাষে উৎপাদনশীলতা বৃদ্ধি	• আধুনিক মৎস্য চাষ প্রযুক্তি এবং ব্যবস্থাপনার কলা কৌশলের ওপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা • মৎস্য সংরক্ষণে বিদ্যমান আইনসমূহের প্রয়োগ নিশ্চিতকরণ • মৎস্যজীবীদের সংগঠিত করে জলমহাল ও প্লাবন ভূমি সমাজভিত্তিক ব্যবস্থাপনার অধীনে আনয়ন • মাছের অভয়াশ্রম প্রতিষ্ঠা ও আবাসস্থল উন্নয়ন	• মৎস্য অধিদপ্তর
২. দরিদ্র মৎস্যজীবীদের আয় বৃদ্ধি	• প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে খাঁচা ও ঘেরে মৎস্য চাষ পদ্ধতির সম্প্রসারণ	• মৎস্য অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• ধান ক্ষেতে মাছ চাষ কার্যক্রমে সহায়তা প্রদান • প্রদর্শনী খামার সৃষ্টি ও পরিচালনা	
	• মন্ত্রণালয়ের প্রণীত পরিকল্পনা ও কার্যক্রম বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধি	• সচিবারলয়
৩. জাতীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য মান সম্মত মৎস্য সরবরাহ এবং মৎস্যজাত পন্য রপ্তানি নিশ্চিতকরণ	• সুষ্ঠভাবে কার্যক্রম পরিচালনার জন্য মান নিয়ন্ত্রণ উপকৌশল (Sub strategy) বাস্তবায়ন, ল্যাব স্থাপন এবং মৎস্য অধিদপ্তরের মাননিয়ন্ত্রণ শাখার দক্ষতা উন্নয়ন • ফরমালিনসহ সকল দুষণমুক্ত মৎস্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ ও এ বিষয়ে প্রচারণা জোরদারকরণ	• মৎস্য অধিদপ্তর
	• মৎস্য অবতরণ, বরফ উৎপাদন ও বিপণন, মৎস্য প্রক্রিয়াকরণ ও হিমায়নের জন্য অবকাঠামো উন্নয়ন এবং মেরিন ওয়ার্কশপে নৌযান মেরামত • ঢাকা মহানগরে মৎস্য বিপণন সুবিধাদি স্থাপন • কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধি, সংরক্ষণ ও ব্যবস্থাপনা জোরদারকরণ	• বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
৪. সামুদ্রিক মৎস্য আহরণে দক্ষতা বৃদ্ধি	• মৎস্য শিকারে নিয়োজিত যান্ত্রিক নৌকা ও ইঞ্জিনের সুষ্ঠু পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ • মৎস্য শিকারে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ চালানোর উপযোগী সুদক্ষ জনশক্তি গড়ে তোলা • সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ, সংরক্ষণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ।	• মেরিন ফিশারিজ একাডেমি
৫. প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি	• প্রাণিস্বাস্থ্য সেবা সম্প্রসারণ, প্রাণিখাদ্যের গুণগতমান নিশ্চিতকরণ এবং টিকা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ • প্রশিক্ষণ ও গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির খামার ব্যবস্থাপনা উন্নয়ন • মাংস ও দুধের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং এ শিল্প সম্প্রসারণে ইনসেনটিভ প্রদান	• প্রাণিসম্পদ অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• দুধ প্রক্রিয়াজাতকরণে ক্ষুদ্র আকারের খামারীদের দুধ ও দুগ্ধজাত পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান	
৬. পোল্ট্রি সেক্টরের উন্নয়ন	• টিকা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ • বাণিজ্যিকভিত্তিতে ব্রয়লার মুরগীর উৎপাদন বৃদ্ধিকরণে লাগসই প্রযুক্তি সহায়তা প্রদান এবং স্বল্পমূল্যে ইউনিয়ন পর্যায়ে ক্ষুদ্র খামারীদের হাঁস মুরগির বাচ্চা সরবরাহ • পোল্ট্রি শিল্পের লিটার ব্যবস্থাপনা ও বায়োগ্যাস উৎপাদনে প্রযুক্তিগত সহায়তা প্রদান	• প্রাণিসম্পদ অধিদপ্তর
	• গ্রামীণ জনগণকে হাঁস মুরগি পালন এবং দুগ্ধ ও পোল্ট্রিজাত পণ্য স্বাস্থ্যসম্মত বাজারজাতকরণ সম্পর্কিত বিষয়ে সম্প্রচারমূলক কার্যক্রম পরিচালনা	• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্যদপ্তর • প্রাণিসম্পদ অধিদপ্তর
৭. মৎস্য ও প্রাণিসম্পদ গবেষণা ও সম্প্রসারণ কার্যক্রম জোরদার করা	• গরু, মহিষ, ছাগল, ভেড়া, হাঁস-মুরগির জাত উন্নয়নে গবেষণা ও গবেষণালব্ধ ফলাফল হস্তান্তর	• বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্‌স্টিটিউট
	• বায়োটেকনোলজি ব্যবহারের মাধ্যমে প্রাণিখাদ্যের পুষ্টিমান উন্নয়ন, ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান	• বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্‌স্টিটিউট • বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্‌স্টিটিউট
	• অভ্যন্তরীণ মুক্ত জলাশয়, উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য সম্পদের ব্যবস্থাপনা ও উন্নয়ন গবেষণা • মাছ ও চিংড়ি চাষের আধুনিক প্রযুক্তি ও বাণিজ্যিক গুরুত্বপূর্ণ মাছের উন্নত জাত উদ্ভাবন • বিপন্ন প্রজাতির মাছের প্রজনন ও জীনপুল সংরক্ষণ বিষয়ক গবেষণা এবং প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ পরিচালনা	• বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্‌স্টিটিউট
	• মৎস্য চাষে ও প্রাণিসম্পদ সম্প্রসারণে উদ্বুদ্ধকরণ, গণ সচেতনতা সৃষ্টি, জাটকা নিধন প্রতিরোধ ইত্যাদি সম্প্রচারমূলক কার্যক্রম পরিচালনা	• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• ভেটেরিনারী ডাক্তারদের রেজিস্ট্রেশন প্রদান	• বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ অভ্যন্তরীণ বদ্ধ ও উন্মুক্ত জলাশয়ে মৎস্যচাষে উৎপাদনশীলতা বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ বিভিন্ন প্রযুক্তিভিত্তিক মৎস্য চাষ পদ্ধতি সারা দেশব্যাপী সম্প্রসারণের মাধ্যমে এবং মুক্ত জলাশয়ে জৈবিক ব্যবস্থাপনা প্রয়োগ, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন, আবাসস্থল সংস্কার ও অভয়াশ্রম প্রতিষ্ঠার ফলে মাছের উৎপাদন অনেকাংশে বৃদ্ধি পাবে। এতে ১০ লক্ষ দরিদ্র জনগণের কর্মসংস্থান হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ মৎস্য চাষের মত আয় বৃদ্ধিমূলক কার্যক্রমে নারীদের অংশগ্রহণে অগ্রাধিকার প্রদান করা হবে বিধায় নারীর কর্মসংস্থান অনেকাংশে বৃদ্ধি পাবে।

৩.১.২ দরিদ্র্য মৎস্যজীবীদের আয় বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ জলমহাল ব্যবস্থাপনায় দরিদ্র মৎস্যজীবীদের এনজিওদের মাধ্যমে বিভিন্ন প্রাতিষ্ঠানিক দল গঠন করে রাজস্ব ও উন্নয়ন খাতের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রায় ২.৭০ লক্ষ মৎস্যজীবীর আয় বৃদ্ধি পাবে এবং অতিরিক্ত প্রায় ৫০ হাজার জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে ।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ সমাজভিত্তিক অর্থাৎ এনজিওদের মাধ্যমে খাস জমি, খাল বিল, পুকুর লিজ নিয়ে দলগতভাবে মৎস্য নার্সারী গঠন করে মৎস্য সম্পদ ব্যবস্থাপনায় এবং মৎস্য প্রক্রিয়াকরণ কারখানাসমূহে মহিলাদের অংশগ্রহণের মাধ্যমে আয় বর্ধনমূলক কর্মকান্ডে প্রায় ১০ লক্ষ নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

৩.১.৩ আন্তর্জাতিক বাজারের জন্য মানসম্মত মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ মৎস্য চাষ/আহরণের পর্যায় হতে শুরু করে মৎস্য রপ্তানিকরণ পর্যন্ত কর্মকান্ডে প্রায় ৫ লক্ষাধিক লোক নিয়োজিত রয়েছে। দেশীয় ও আন্তর্জাতিক বাজারে মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিশ্চিত করার মাধ্যমে উল্লিখিত জনগোষ্ঠীর আয় বৃদ্ধি পাবে। এতে দরিদ্র জনগোষ্ঠীর নিরাপদ পুষ্টির সংস্থান বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ চিংড়ি ও হিমায়িত মৎস্য উৎপাদন, সরবরাহ, প্রক্রিয়াকরণ, বিপণন প্রতিটি স্তরে নারীদের সম্পৃক্ত করা হবে। প্রক্রিয়াকরণ কারখানায় বেশীরভাগই নারী শ্রমিক। দেশীয় ও আন্তর্জাতিক বাজারে মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিশ্চিত করার মাধ্যমে এ কর্মকান্ডে সম্পৃক্ত নারীদের উন্নয়ন হবে।

৩.১.৪ সামুদ্রিক মৎস্য আহরণে দক্ষতা বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষ প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ আগামী ৩ বছরের মধ্যে আরো ৩০ জন রপ্তানি যোগ্য দক্ষ জনশক্তি হিসেবে ফিশারিজ টেকনোলজিস্ট ও ফিস প্রসেসিং টেকনোলজিস্ট তৈরীর পাশাপাশি মহিলাসহ ১০০ জনকে প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা হবে।

৩.১.৫ প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সিমেন উৎপাদন, প্রুভেন ষাঁড় উৎপাদন, কৃত্রিম প্রজনন কার্যক্রম এবং ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে গবাদিপ্রাণির কৌলিক(জেনেটিক) বৈশিষ্ট্য উন্নয়ন এবং দেশে সংকর জাতের গবাদিপ্রাণির সংখ্যা বৃদ্ধি, প্রাণিস্বাস্থ্য সেবা ও টিকা উৎপাদনের মাধ্যমে গবাদিপ্রাণির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। প্রাণিখাদ্য উন্নয়ন, প্রশিক্ষণ ও গনসচেতনতা সৃষ্টির মাধ্যমে গবাদিপ্রাণির খামার ব্যবস্থাপনা উন্নয়ন, ইন্সেনটিভ প্রদান এবং বাজারজাতকরণে সহায়তা প্রদানে প্রাণিসম্পদ খাতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গবাদিপ্রাণি পালনে দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তাদের কর্মসংস্থান ও আয় বৃদ্ধি ঘটানো সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ গাভী, ছাগল, ভেড়া ও মহিষ পালনের মত কার্যক্রমে নারীরা পূর্ব থেকেই নিয়োজিত আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে ২০১১-১২ অর্থবছর পর্যন্ত ৩,১২,৪৮৮ জন কৃষক ও খামারীকে গবাদিপশু পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে, যার মধ্যে নারী অংশগ্রহণ ৫০ ভাগ। এতে করে অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের সম্পৃক্ততা বাড়বে এবং নারীর ক্ষমতায়নসহ সামাজিক মর্যাদা বৃদ্ধি পাবে।

৩.১.৬ পোল্ট্রি সেক্টরের উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পোল্ট্রি খাতে নেয়া বিভিন্ন উন্নয়ন কার্যক্রম যেমন- সরকারি খামার হতে ক্ষুদ্র খামারীদের হাঁস-মুরগীর বাচ্চা স্বল্পমূল্যে সরবরাহ করা, টিকা প্রদানের মাধ্যমে হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ, বাণিজ্যিক ভিত্তিতে ব্রয়লার মুরগীর উৎপাদন বৃদ্ধিকরণে লাগসই প্রযুক্তি সহায়তা প্রদান এবং সারাদেশে ৪৭,৭৬০ জন খামারীকে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ-এর জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে। তাছাড়া ১৩০০টি কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কার (C.E.W.), ২১৩টি কমিউনিটি বেজ অর্গানাইজেশন (C.B.O.) তৈরি, পোল্ট্রি শিল্পের প্রসার, লিটার ব্যবস্থাপনা ও বায়োগ্যাস উৎপাদন ইত্যাদি প্রযুক্তিতে সহায়তা প্রদান করা হবে। এতে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধি, সেবা প্রাপ্তি, মানব দক্ষতা বৃদ্ধি এবং স্বাস্থ্য ও পুষ্টির মান উন্নয়ন হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে ২০১১-১২ অর্থবছর পর্যন্ত ৩৫, ৪৪০ জন কৃষক ও খামারীকে হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে, যার মধ্যে নারী অংশগ্রহণ ৫০ ভাগ নিশ্চিত করার প্রচেষ্টা নেয়া হবে। এতে করে নারীর ক্ষমতায়ন, শিক্ষা, প্রশিক্ষণ প্রাপ্তি, সরকারি অনুদান প্রাপ্তি , সেবা লাভ ও নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি পাবে।

৩.১.৭ মৎস্য ও প্রাণিসম্পদ গবেষণা এবং সম্প্রসারণ কার্যক্রম জোরদার করা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রাণিসম্পদ উন্নয়নে গবেষণা ও গবেষণালব্ধ ফলাফল হস্তান্তর, নতুন রোগের টিকা উৎপাদন, প্রাণিখাদ্যের পুষ্টিমান উন্নয়ন, ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ, সরকারি ও বেসরকারি খামারীদের প্রশিক্ষণ প্রদান, প্রাণিসম্পদ গবেষণা ও সম্প্রসারণ সেবার মধ্যে ফলপ্রসূ সমন্বয় সাধন, প্রযুক্তি সম্প্রসারণ ও প্রশিক্ষণ প্রদান এবং প্রাণিপালনে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের সম্প্রচারমূলক কার্যক্রম গ্রহণ। মৎস্য সম্পদ উন্নয়নে অভ্যন্তরীণ মুক্ত জলাশয়, উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য সম্পদের ব্যবস্থাপনা, বিপন্ন প্রজাতির মাছের প্রজনন ও জীনপুল সংরক্ষণ বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধি, সেবা প্রাপ্তি, মানব দক্ষতা বৃদ্ধি, স্বাস্থ্য ও পুষ্টির মান উন্নয়ন হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পুর্বের চেয়ে অধিক সংখ্যায় নারীকে প্রশিক্ষণের আওতাভুক্ত করা হবে বিধায় এ ক্ষেত্রে নারী উদ্যোক্তা সৃষ্টি হবে ও তাঁদের আয় বৃদ্ধি পাবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	১৯৯,৭৭,৬১	২১৪,৬৩,৬২	২৪০,২৮,৪৮
নারী উন্নয়ন	৯৫,৮১,৫৫	১০৪,৩৩,৩৬	১১৭,৫৮,০২

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. **মৎস্য সম্পদের উৎপাদনশীলতাবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিঃ** আবাসস্থল উন্নয়ন, অভয়াশ্রম প্রতিষ্ঠা ও প্লাবনভূমিকে সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনায় আনয়ন, পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়িত হলে প্রোটিনের ঘাটতি কমানো সম্ভব হবে, রপ্তানি আয় বৃদ্ধি পাবে এবং মৎস্যজীবীদের কর্মসংস্থান সৃষ্টিসহ আর্থ-সামাজিক উন্নয়ন ঘটবে বিধায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	• অভ্যন্তরীণ বদ্ধ ও উন্মুক্ত জলাশয়ে মৎস্যচাষে উৎপাদনশীলতা বৃদ্ধি • দরিদ্র মৎস্যজীবীদের আয় বৃদ্ধি করা
২. **প্রাণিসম্পদের উৎপাদনশীলতা বৃদ্ধিঃ** জাত উন্নয়নের মাধ্যমে দুগ্ধ, মাংস উৎপাদন বৃদ্ধি এবং প্রযুক্তি স্থানান্তরের মাধ্যমে প্রোটিনের চাহিদা পূরণ হবে বিধায় এ কার্যক্রমকে দ্বিতীয় অগ্রাধিকার হিসেবে গণ্য করা হয়েছে।	• প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি • প্রাণিসম্পদ গবেষণা এবং সম্প্রসারণ • পোল্ট্রি সেক্টরের উন্নয়ন
৩. **খামার ব্যবস্থাপনা উন্নয়নঃ** সরকারি ও বেসরকারি হাঁস-মুরগীর খামার, ছাগল, ভেড়া ও মহিষ খামার এবং ডেইরী খামার উন্নয়ন, প্রাণিজাত ও উপজাত পণ্যের প্রক্রিয়াকরণের লক্ষ্যে বেসরকারি উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে জনগণের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের জন্য কর্মসূচি গুরুত্বপূর্ণ বিধায় এ খাততে যথাযথ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হয়েছে।	• প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি • পোল্ট্রি সেক্টরের উন্নয়ন • প্রাণিসম্পদ গবেষণা এবং সম্প্রসারণ
৪. **গবাদিপ্রাণির জাত উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধিঃ** গবাদিপ্রাণির জাত উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ, ভ্রূণ স্থানান্তর পদ্ধতির সম্প্রসারণ ও ব্রীড আপগ্রেডেশন কার্যক্রমের মাধ্যমে ব্রিডিং বুল তৈরী, বীফ ব্রীড তৈরী, প্রাণিপুষ্টি উন্নয়ন ও খামার ব্যবস্থাপনার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কারণে এ খাতকে অগ্রাধিকার কার্যক্রম হিসেবে গ্রহণ করা হয়েছে।	• প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি • প্রাণিসম্পদ গবেষণা এবং সম্প্রসারণ
৫. **মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন, জাটকা সংরক্ষণ কর্মসূচি ও জাটকা আহরণকারী মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি করাঃ** এ সকল কার্যক্রম বাস্তবায়িত হলে দেশে ইলিশের উৎপাদন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে, দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণসহ ডিমওয়ালা মাছ ধরা বন্ধ হবে এবং মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। এতে দেশে মাছের চাহিদা পূরণ এবং পাশাপাশি দেশের রপ্তানি আয় বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• অভ্যন্তরীণ বদ্ধ ও উন্মুক্ত জলাশয়ে মৎস্যচাষে উৎপাদনশীলতা বৃদ্ধি করা • দরিদ্র মৎস্যজীবীদের আয় বৃদ্ধি

অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৬. **মৎস্য ও মৎস্য জাত পণ্যের মান নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনাঃ** মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণ, সুষ্ঠু স্বাস্থসম্মত ব্যবস্থাপনায় আনা হলে দেশীয় ভোক্তার চাহিদা পূরণ ও নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন নিশ্চিত হবে, বিদেশে দেশের মৎস্যজাত পণ্যের চাহিদা বৃদ্ধি পাবে অর্থাৎ মৎস্য ও মৎস্যজাত পণ্যের বাজার আরো সম্প্রসারিত হবে এবং দেশের রপ্তানি আয় বহুলাংশে বৃদ্ধি পাবে বিধায় এ খাতকে অগ্রাধিকার দেয়া হয়েছে।	• জাতীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য মানসম্মত মৎস্য সরবরাহ এবং মৎস্য জাত পণ্য রপ্তানি নিশ্চিতকরণ

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. দৈনিক মাথাপিছু মাংসের প্রাপ্যতা (প্রয়োজন ১২০ গ্রাম)	৫, ৬	গ্রাম	২২.১৩	২০.৬০	২৩.১৪	২৪.০০	২৪.১৮	২৫.০৪	২৬.৭৯
২. দৈনিক মাথাপিছু দুধের প্রাপ্যতা (প্রয়োজন ২৫০ মিঃ লিঃ)	৫, ৬	মি.লি.	৪৭.৬৩	৪৪.০০	৪৯.১৪	৪৯.৪৮	৫১.০৩	৫২.৮৪	৫৬.৫৩
৩. বাৎসরিক মাথা পিছু ডিমের প্রাপ্যতা (প্রয়োজনঃ ১০৪টি)	৫, ৬	সংখ্যা	৪২.৫০	৩৩.০০	৪৪.৮৪	৪৫.০০	৪৭.৩৩	৪৯.৯৩	৫৩.৪২
৪. বাৎসরিক মাথা পিছু মাছের প্রাপ্যতা (প্রয়োজন ১৮ কেজি)	১, ২	কেজি	১৭.৮৭	১৭.৫০	১৮.৬৪	১৯.০০	১৯.৫০	২০.৫০	২১.০০

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সচিবালয়

৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ প্লানিং এন্ড পলিসি সাপোর্ট ফর দি মিনিস্ট্রি অফ ফিশারিজ এন্ড লাইভস্টক প্রকল্পের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্প সফলভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান এবং মন্ত্রণালয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য পিপিএসইউ ইউনিট স্থাপন করা হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল ও কৌশলগত উদ্দেশ্যসমূহ

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. মন্ত্রণালয়ের প্রণীত পরিকল্পনা ও কার্যক্রম বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধি	• মন্ত্রণালয়ের কর্মদক্ষতা বৃদ্ধি	২

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। M.I.S. প্রশিক্ষণ	জন	-	-	-	২০	২০	-
২। লোকাল স্টাডি	সংখ্যা	-	-	-	২	১	-
৩। কম্পিউটার/ল্যাপটপ ক্রয়	সংখ্যা	২২	-	-	১০	৭	-
৪। প্রশিক্ষণ স্টাডিজ	২	১০০%					

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	৪৫,৯০,৬০	৫৯,৯৮,১০	৭৪,২৩,০১	৭৫,২৯,৩৭	৮১,৪০,৬৬
উন্নয়ন	২৩,২৭,০০	৮,৬৮,০০	১৭,৭৪,০০	৫২,৭৫,৬৬	১৮০,৯২,০১
মোট	৬৯,১৭,৬০	৬৮,৬৬,১০	৯১,৯৭,০১	১২৮,০৫,০৩	২৬২,৩২,৬৭

৫.১.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
১। সচিবালয়	১
অনুমোদিত প্রকল্প	
১। প্লানিং এন্ড পলিসি সাপোর্ট ফর দি মিনিস্ট্রি অফ ফিশারিজ এন্ড লাইভস্টক	১
সম্ভাব্য প্রকল্প	
১। বন্যা নিয়ন্ত্রণ ও সেচ প্রকল্প এলাকায় এবং অন্যান্য জলাশয়ে সমন্বিত মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন (৪র্থ পর্যায়)	১
২। দুগ্ধজাত গবাদি পশু পালন এবং গরু মোটাতাজাকরণের মাধ্যমে দারিদ্র্য হ্রাস প্রকল্প	১

৫.২ মৎস্য অধিদপ্তর

৫.২.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন অর্থবছরে ৮৫৮৭৫ জন মৎস্য চাষীকে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা সংরক্ষণ আইনের আওতায় ৮২৩.৭০ লক্ষ মিটার জাল আটক করা হয়েছে। বিকল্প কর্মসংস্থানের জন্য ১৫৪৬.৯৭ মেঃ টন খাদ্য শস্য ও ২.০০ কোটি টাকা ব্যয় করা হয় ফলে ৩০ হাজার মে.টন অতিরিক্ত ইলিশ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন ধরনের জলাশয়ে ২২৮.৬৩ লক্ষ পোনা অবমুক্ত করা হয়েছে। দেশীয় প্রজাতির বৈচিত্র রক্ষার জন্য ৩৫৫ টি অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। মৎস্য ও মৎস্যজাত পণ্য রফতানী নিশ্চিত করার জন্য Haccp (Hazard Analysis for Critical Control Point) পদ্ধতি চালু ও অনুসরণ করা হয়েছে। ১২২৩টি ডিপো মালিক ও ১২৬৩২৬টি ঘের মালিকের নিবন্ধন করা হয়েছে। ফরমালিন মিশ্রণ বন্ধের জন্য ৩০৫টি বাজার পরিদর্শন করা হয়েছে। এনজিওদের সম্পৃক্ত করে ক্ষুদ্র মৎস্যচাষী, মৎস্যজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে জলমহাল ব্যবস্থাপনায় উন্নয়ন ঘটানো হয়েছে। ধানক্ষেতে মাছ চাষ বা ধানের পরে মাছ চাষের মাধ্যমে ৫০ হাজার জন দরিদ্রকে সহায়তা প্রদান করা হয়েছে। মৎস্যজীবীদের আর্থসামাজিক অবস্থা উন্নয়নের জন্য ২৮২০ হেক্টর প্লাবন ভূমির উন্নয়ন সাধন করা হয়েছে।

৫.২.২ প্রধান কার্যসমূহ, কার্যক্রমের ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. আধুনিক মৎস্য চাষ প্রযুক্তি এবং ব্যবস্থাপনার কলাকৌশলের উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	• ৭২,৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান	১
২. মৎস্য সংরক্ষণে বিদ্যমান আইনসমূহের প্রয়োগ নিশ্চিতকরণ	• ৯,৩৮০ টি অভিযান পরিচালনা	১
৩. মৎস্যজীবীদের সংগঠিত করে জলমহাল ও প্লাবনভূমিসহ	• বিভিন্ন এনজিওকে সম্পৃক্ত করে	১

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
সমাজভিত্তিক ব্যবস্থাপনার অধীনে আনয়ন	জলমহাল ও প্লাবনভূমিতে মাছের উৎপাদন বৃদ্ধি	
৪. মাছের অভয়াশ্রম প্রতিষ্ঠা এবং আবাসস্থল উন্নয়ন	• ৮০ হেক্টর জলাশয়ে স্থায়ী ও অস্থায়ী অভয়াশ্রম স্থাপন	১
৫. প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে খাঁচা ও ঘেরে মৎস্য চাষ পদ্ধতি সম্প্রসারণ	• খাঁচায় ও ঘেরে মাছ চাষের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি	২
৬. ধানক্ষেতে মাছ চাষ কার্যক্রমে সহায়তা প্রদান করা	• ২৫,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান	২
৭. প্রদর্শনী খামার সৃষ্টি ও পরিচালনা	• ৬,৮০০ টি প্রদর্শনী খামার সৃষ্টি ও পরিচালনা	২
৮. সুষ্ঠভাবে কার্যক্রম পরিচালনার জন্য মান নিয়ন্ত্রণ উপকৌশল (Sub strategy) বাস্তবায়ন, ল্যাব স্থাপন এবং মৎস্য অধিদপ্তরের মান নিয়ন্ত্রণ শাখার দক্ষতা উন্নয়ন	• Traceability বাস্তবায়ন • National Residue Control Plan (NRCP) এর বাস্তবায়ন • HACCP ব্যবস্থাপনা ও বাস্তবায়ন জোরদারকরণ • দেশে/বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে মান নিয়ন্ত্রণ শাখায় কর্মরত কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন • মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্পের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন • ঢাকার ল্যাব আধুনিকীকরণ করা এবং চট্টগ্রাম ও খুলনার জন্য নুতন ল্যাব ভবন স্থাপন	৩
৯. ফরমালিনসহ সকল দূষণমুক্ত মৎস্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ এবং এ বিষয়ে প্রচারণা জোরদারকরণ	• ফরমালিনসহ সকল দূষণমুক্ত মৎস্য খাদ্য উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন Campaign এর ব্যবস্থা গ্রহণ করা • নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য Good Aquaculture Practice সম্পর্কে চাষীদের সচেতনতা বৃদ্ধি ও প্রশিক্ষণ প্রদান	৩

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। পোনা অবমুক্ত	সংখ্যা (লক্ষ)	১৪৩	১৫৫	১৫৫	১৬৫	১৭৫	১৮০
২। বাওড়ে মাছ উৎপাদন	মে. টন	৫৭০	৬১০	৬১০	৬২০	৬৩০	৬৪০
৩। খামারে রেনু/মাছ উৎপাদন	কে.জি.	৬,৪৪৫	৬,৪৮৫	৬,৪৮৫	৬,৪৯৫	৬,৫০৫	৬,৫১০
৪। পোনা উৎপাদন	সংখ্যা (লক্ষ)	২৯৮	৩১৫	৩১৫	৩২০	৩২৫	৩৩০
৫। প্রশিক্ষণ	জন	৬৮,৫০০	৭৫,০০০	৭৫,০০০	৯৫,০০০	১,০০,৫০০	১,১৫,০০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	২৭,৭৯,৮৬	৩০,২৪,৫৪	৩৭,০৪,৮৮	৪৬,৯৮,৮২	৪৮,৮০,৫১
উন্নয়ন	১২৭,৭৪,০০	১০৮,৯৮,০০	১৪০,৩৯,০০	১৭১,০০,০০	২৩৪,৫০,০০
মোট	১৫৫,৫৩,৮৬	১৩৯,২২,৫৪	১৭৭,৪৩,৮৮	২১৭,৯৮,৮২	২৮৩,৩০,৫১

৫.২.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)ঃ মৎস্য অধিদপ্তরের আওতাধীন মান নিয়ন্ত্রণ অফিস, বিভাগ, উপজেলা, জেলা, মৎস্য হ্যাচারী, খামার, বাওড়সমূহ	১,২,৩, ৪,৫,৬,৭,৮
অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ)	
১। স্বাদু পানিতে চিংড়ি চাষ সম্প্রসারণ	১,৭,৮,৯
২। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্য আবাসস্থল পুনরুদ্ধার প্রকল্প	১,২,৩,৪,৫,৬,৭
৩। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য চাষ উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প	১,৫,৭
৪। কুমিল্লা জেলার প্লাবনভূমিতে মৎস্য অবকাঠামো নির্মাণ (দাউদকান্দি মডেল) প্রকল্প	
ক) মৎস্য অধিদপ্তর অংশ	১,৩,৪,৬,৭
খ) এল.জি.ই.ডি. অংশ	
৫। চলন বিল মৎস্য উন্নয়ন প্রকল্প	১,৩,৪,৬,৭
৬। হালদা নদীতে প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র পুনরুদ্ধার প্রকল্প	১,২,৪,৭
৭। আঞ্চলিক মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প (বরিশাল কম্পোনেন্ট)	১,৩,৪,৫,৬,৭,৮
৮। বাংলাদেশ মেরিন ফিশারিজ ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্প	১
৯। বাগদা চিংড়ি চাষ সম্প্রসারণ প্রকল্প	১,৭,৮,৯
১০। ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প	১,২,৪,৭
১১। মৎস্য ডিপ্লোমা কোর্স বাস্তবায়ন প্রকল্প	১
১২। বৃহত্তর পাবনা মৎস্য উন্নয়ন প্রকল্প	১,২৩,৪,৭
১৩। Emergency 2007 Cyclone Recovery and Restoration Project	
ক) মৎস্য অধিদপ্তর অংশ	১,২,৩,৪
১৪। জাটকা সংরক্ষণ, জেলেদের বিকল্প কর্মসংস্থান এবং গবেষণা প্রকল্প	

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
ক) মৎস্য অধিদপ্তর অংশ	১,২,৩,৪
খ) বি.এফ.আর.আই. অংশ	
১৫। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প	১,২,৪,৬,৭
১৬। যশোর জেলার ভবদহ অঞ্চলে মৎস্যচাষ ও ব্যবস্থাপনা প্রকল্প	১,৪,৭
১৭। মৎস্য পণ্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প	১,৮
১৮। মৎস্য অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা জোরদারকরণ প্রকল্প	১
১৯। ডেভেলপিং এ ন্যাশনাল শ্রিম্প সীড সার্টিফিকেশন প্রকল্প	১,৭,৮
২০। ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ)	১,২,৭
অননুমোদিত প্রকল্প	
১। হাওড় অঞ্চলে মৎস্য চাষ সম্প্রসারণ প্রকল্প	১,২,৩
২। বৃহত্তর ফরিদপুর মৎস্য চাষ উন্নয়ন প্রকল্প	১-৭
৩। অব্যবহৃত জলাশয়ে সমন্বিত মৎস্য চাষ উন্নয়ন প্রকল্প।	১-৭
৪। দেশের উত্তর পশ্চিমাঞ্চলে দারিদ্র্য হ্রাস কল্পে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প	১,৭
ক) মৎস্য অধিদপ্তর অংশ	
খ) প্রাণিসম্পদ অধিদপ্তর অংশ	
৫। চিহ্নিত অবক্ষয়িত জলাশয় উন্নয়ন ও ব্যবস্থাপনা এবং দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষণ প্রকল্প	১,২,৩,৪
৬। মৎস্য সম্পদ জরীপ শক্তিশালীকরণ প্রকল্প	১
৭। অর্থনৈতিক পশ্চাৎপদ এলাকার জনগণের দারিদ্র্য বিমোচন ও জীবিকা নির্বাহ নিশ্চিতকরণ প্রকল্প	১,৩,৭
৮। হুরাসাগর মৎস্য চাষ ব্যবস্থাপনা প্রকল্প, চলনবিল	১,৩,৫,৭
৯। বৃহত্তর যশোর অঞ্চলে মৎস্য উন্নয়ন প্রকল্প	১,৪,৫,৭
১০। মৎস্য ব্যবস্থাপনা সংস্কার ও উন্নয়ন প্রকল্প	১-৩
১১। খাঁচায় ও পেনে মাছ চাষ সম্প্রসারণ প্রকল্প	১,৪,৫,৬
১২। উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারী স্থাপন ও পোনা অবমুক্তিকরণ প্রকল্প	১,২,৩,৭
১৩। বৃহত্তর রাজশাহী মৎস্য উন্নয়ন প্রকল্প	১,২,৭
১৪। প্লাবন ভুমিতে মৎস্য চাষ ব্যবস্থাপনা প্রকল্প	১-৪
১৫। মৎস্যজীবীদের নিবন্ধন, পরিচয়পত্র প্রদান ও দুর্যোগ পুনর্বাসন প্রকল্প	১,২,৭
১৬। অভ্যন্তরীণ ব্যবহার এবং রপ্তানীযোগ্য মৎস্য পণ্য খাদ্য হিসেবে ব্যবহারের মান নিশ্চিত করণে মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ ল্যাব শক্তিশালীকরণ	১,২,৮,৯
১৭। কোস্ট গার্ডের জন্য ২টি অফসোর পেট্রোল ভেসের সংগ্রহ প্রকল্প	১,৮
১৮। মৎস্য সংরক্ষণে ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণ ও গণসচেতনতা সৃষ্টি প্রকল্প	১,২,৮,৯
১৯। Integrated Protected Area Co Management	১,২,৩,৪,৭
২০। Coastal Fisheries Aquaculture & Haor Fisheries Development with Expansion of Pen and Cage Culture	১,২,৩,৫
২২। Wetland Bo-Diversity Rehabilitation Project (GTZ)	১,২,৩,৪
২৩। ইনল্যান্ড ক্যাপচার ফিশারিজ ডেভেলপমেন্ট প্রজেক্ট	১-৭
২৪। Better Work & Standard Programme (BWST) Project	২,৮,৯
২৫। Poverty Reduction and Livelihood Security for people of Monga	১,২,৭

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
Rehabilitation Project ২৬। ২৯টি জেলার বন্যা নিয়ন্ত্রণ, সেচ প্রকল্প এলাকা এবং অন্যান্য জলাশয়ে মৎস্য চাষের মাধ্যমে দারিদ্র্য বিমোচন প্রকল্প ২৭। মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অধিদপ্তরাধীন গুরুত্বপূর্ণ স্থাপনা উন্নয়ন প্রকল্প	১,২,৩,৪,৭ ১,২
অনুমোদিত কর্মসূচি ১। ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত উপকূলীয় মৎস্য চাষী ও মৎস্যজীবীদের পুনর্বাসন কর্মসূচি ২। হাওড় অঞ্চলে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা শীর্ষক কর্মসূচি	১,২,৩,৭,৮ ১,৩,৭

৫.৩ প্রাণিসম্পদ অধিদপ্তর

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে গবাদি প্রাণি ও হাঁস-মুরগির জন্য নতুন জাতের ৬ প্রকার টিকা তৈরিসহ মোট ১৬ প্রকারের গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির জন্য যথাক্রমে ২৫৩.৬২ লক্ষ ডোজ এবং ৬,৯১৯ লক্ষ ডোজ টিকা উৎপাদিত হয়েছে এবং সম্প্রসারণ কার্যক্রমের আওতায় ২৫৬.২০ লক্ষ গবাদিপ্রাণি ও ৬,৫০৬.০৯ লক্ষ হাঁস-মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। সারাদেশে বিদ্যমান ৪৮১টি উপজেলা প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্র হতে ৮৭২.১২ লক্ষ্য গবাদিপ্রাণি ও হাঁস-মুরগিকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং জাত উন্নয়ন কার্যক্রমের আওতায় ৬৯.৩৭ লক্ষ ডোজ তরল ও হিমায়িত সিমেন উৎপাদিত হয়েছে এবং ৬০.৮৩ লক্ষ গাভীকে উৎপাদিত সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন করা হয়েছে। ফলশ্রুতিতে ইতোমধ্যে দেশের মোট গবাদিপ্রাণির ২২% শংকর জাতের গবাদিপ্রাণি হিসেবে চিহ্নিত হয়েছে। খামার হতে স্বল্প মূল্যের হাঁস-মুরগির বাচ্চা সরবরাহের উদ্দেশ্যে উল্লেখিত সময়ে ৩টি হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপিত হয়েছে এবং প্রাণিপুষ্টির কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ৩০৭২টি প্রাণিপুষ্টি সংক্রান্ত প্রযুক্তিগত প্রদর্শনী কৃষক ও খামার পর্যায়ে প্রতিষ্ঠিত হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্যে

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. প্রাণিস্বাস্থ্য সেবা সম্প্রসারণ, প্রাণিখাদ্যের গুণাগতমান নিশ্চিতকরণ এবং টিকা উৎপাদন বৃদ্ধি ও স্প্রে কার্যক্রমের মাধ্যমে গবাদি প্রাণি ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ	• ৯০০ লক্ষ গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি চিকিৎসা • ৯৮,২২৫ বর্গমিটার প্রাণিস্বাস্থ্য সংক্রান্ত অবকাঠামো উন্নয়ন • ৩,০৭২টি প্রাণিপুষ্টি প্রযুক্তি প্রদর্শনী • ৬৬৮টি ফডার নার্সারী স্থাপন • ১২০ কোটি গবাদি প্রাণি ও হাঁস-মুরগিকে টিকা প্রদান • ঢাকা ও রংপুর চিড়িয়াখানা আধুনিকীকরণ • ৫০ হাজার খামারে প্রদর্শনী স্প্রে কার্যক্রম সম্পন্ন	৫
২. প্রশিক্ষণ ও গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির খামার ব্যবস্থাপনা উন্নয়ন	• ৩,১২,৪৮৮ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান	৫

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. মাংস ও দুধের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং এ শিল্প সম্প্রসারণে ইনসেনটিভ প্রদান	• ১২,০০০ খামারীকে ইনসেনটিভ সহায়তা প্রদান • ১টি ভেড়ার খামার স্থাপন • ৩ টি মহিষের খামার স্থাপন	৫
৪. দুধ প্রক্রিয়াজাতকরণে ক্ষুদ্র আকারের খামারীদের দুধ ও দুগ্ধজাত পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান	• ১,২০০ সি,ই,এ,এল (কমিউনিটি এক্সটেনশন এজেন্ট অফ লাইভস্টক) তৈরি	৫
৫. টিকা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ	• এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধে ৩টি ফেব্রিকেটেড ল্যাবরেটরি স্থাপন • ৪৭,৭৬০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান ও সচেতনতা বৃদ্ধি • ৬৬ কোটি ভ্যাকসিন তৈরির জন্য ল্যাবরেটরি আধুনিকীকরণ	৬
৬. বাণিজ্যিক ভিত্তিতে ব্রয়লার মুরগির উৎপাদন বৃদ্ধিকরণে লাগসই প্রযুক্তি সহায়তা প্রদান এবং স্বল্প মূল্যে হাঁস-মুরগীর বাচ্চা সরবরাহ	• ৩টি হাঁসের খামার ও ২টি মুরগির ব্রিডিং খামার স্থাপন • ২১৩টি সি ও বি (কমিউনিটি বেইজড অর্গানাইজেশন) তৈরি	৬
৭. পেল্ট্রি শিল্পের লিটার ব্যবস্থাপনা ও বায়োগ্যাস উৎপাদনে প্রযুক্তিগত সহায়তা প্রদান	• ১৩০০ সি.ই.ডব্লিউ (কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কার) তৈরি	৬
৮. গ্রামীণ জনগণকে হাঁস মুরগি পালন এবং দুগ্ধ ও পোল্ট্রিজাত পণ্য স্বাস্থ্য সম্মত বাজারজাতকরণ সম্পর্কিত বিষয়ে সম্প্রচারমূলক কার্যক্রম পরিচালনা	• উদ্বুদ্ধকরণ ও প্রযুক্তি সম্প্রসারণের জন্য ৫,০৯,৬০০টি পুস্তিকা প্রকাশ • কোয়ারেনটাইন আইন বাস্তবায়ন • ১০টি ল্যাবরেটরি আধুনিকীকরণ • ৬ টি কোয়ারেনটাইন স্টেশন স্থাপন • ৬৪টি জেলায় পণ্য সংরক্ষণাগার স্থাপন	৬

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। টিকা উৎপাদন	সংখ্যা (লক্ষ ডোজ)	১৮.৪৫	৩৯.৬৭	৩৯.৬৭	৪১.৬৩	৪৩.৭১	৪৬.৭৬
২। কৃত্রিম প্রজননের জন্য সিমেন উৎপাদন	সংখ্যা (লক্ষ ডোজ)	২৫.২৯	১৯.৫০	১৯.৫০	২০.০০	২১.০০	২২.৪৭
৩। গবাদিপ্রাণি ও হাঁস মুরগীর চিকিৎসা	সংখ্যা (লক্ষ)	২৬৪	৩২৫	৩২৫	৩৪১	৩৫৮	৩৮৩.০৬
৪। হাঁস মুরগীল বাচ্চা বিতরণ	সংখ্যা (লক্ষ)	২৮.০৫	২৪.৭৫	২৪.৭৫	২৭.২২	২৯.৯৪	৩২.০৪
৫। প্রশিক্ষণ (মহিলা)	জন	৪৫,০০০	৫৬,৭০০	৫৬,৭০০	৫৯,৫৩৫	৬২,৫১১	৬৬,৮৮৬

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	৮,০৩,৪৭	৭,৮৮,৩৭	৮,৫৩,১১	৯,৬৩,৩০	১০,৭৮,৭২
উন্নয়ন	১৪১,১১,০০	১০৩,৮৬,০০	১৭২,৪১,০০	১৬৮,০০,০০	৭৫,০০,৪৩
মোট	১৪৯,১৪,৪৭	১১১,৭৪,৩৭	১৮০,৯৪,১১	১৭৭,৬৩,৩০	৮৫,৭৯,১৫

৫.৩.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপরেশন ইউনিট (অনুন্নয়ন)	
১. প্রধান কার্যালয়	১-৮
২. বিভাগীয় কার্যালয়	১-৮
৩. জেলা কার্যালয়সমূহ	১-৮
৪. উপজেলা কার্যালয়সমূহ	১-৮
৫. প্রাণি চিকিৎসা, শিক্ষা ও গবেষণা	১,৫
৬. প্রাণি হাসপাতাল ও চিকিৎসা কেন্দ্রসমূহ	১,৫
৭. সরকারী দুগ্ধ খামারসমূহ	৩,৪,৮
৮. সরকারী হাঁসমুরগির খামারসমূহ	১,২,৫,৬
৯. প্রাণি জরিপ দপ্তর	৩
১০. ঢাকা চিড়িয়াখানা	১,৫
১১. রংপুর চিড়িয়াখানা	১,৫
অনুমোদিত প্রকল্প	
১. কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প	১,২,৩
২. দ্বিতীয় অংশীদারিত্বমূলক প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প	১,২
৩. উপজেলা প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন প্রকল্প (২য় পর্যায়)	১,৩,৫,৬,৭,৮
৪. প্রাণীপুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প	১
৫. প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক উন্নয়ন জোরদারকরণ প্রকল্প	১
৬. এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রিপ্রেয়ার্ডনেস এন্ড রেসপনস প্রজেক্ট	১
৭. সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারের মাধ্যমে দেশী ভেড়ার উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (কম্পোনেন্ট বি)	৪ ১
৮. ঝিনাইদহ সরকারি ভেটেরিনারী কলেজ স্থাপন প্রকল্প	১
৯. আঞ্চলিক মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প (নোয়াখালী কম্পোনেন্ট)	২, ৮
১০. ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রজেক্ট	১
১১. এনহ্যানস দি ক্যাপাসিটি অব ডিএলএস প্রকল্প	১,২
১২. স্ট্রেংথেনিং অফ সার্পোর্ট সার্ভিসেস ফর কমব্যাটিং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা (এইচ.পি.এ.আই.) ইন বাংলাদেশ প্রজেক্ট	১,২ ১,৫
১৩. টিকা উৎপাদন প্রযুক্তি আধুনিকায়ন ও গবেষণাগার সম্প্রসারণ প্রকল্প	৩,৪
১৪. ব্রীড আপগ্রেডেশন থ্রু প্রজেনী টেস্ট প্রকল্প (২য় পর্যায়)	৩,৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম		সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অননুমোদিত প্রকল্প		
১.	মহিষ উন্নয়ন প্রকল্প	৪
২.	প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ প্রকল্প	১,৫
৩.	নির্বাচিত ২২টি উপজেলায় ক্ষুদ্র দুগ্ধ ও পোল্ট্রি খামারীদের কার্যকর সহায়তা প্রকল্প	১-৮
৪.	দেশী মুরগী সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প	১,২,৫,৬,৭,৮
৫.	উত্তর পশ্চিমাঞ্চল ও বৃহত্তর ফরিদপুর জেলায় সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প	১-৮
৬.	হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)	৫,৮
৭.	জাতীয় প্রাণিসম্পদ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র ও রোগ অনুসন্ধান ল্যাবরেটরি স্থাপন প্রকল্প	১,২,৫
সম্ভাব্য প্রকল্প		
১.	সরকারি চিড়িয়াখানাসমূহ আধুনিকায়ন ও ব্যবস্থাপনা শক্তিশালীকরণ প্রকল্প	১
২.	ছাগল পালন সম্প্রসারণ প্রকল্প	৩,১
৩.	ক্ষুদ্র দুগ্ধ খামারী উন্নয়ন প্রকল্প	১,২,৩,৪
৪.	ক্ষুদ্র পোল্ট্রি খামারী উন্নয়ন প্রকল্প	১,২,৭
৫.	২টি রিয়ারিং ইউনিট স্হাপনসহ পিগফার্ম আধুনিকায় প্রকল্প	১
৬.	পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প	১,২,৩,৪,৮
অনুমোদিত কর্মসূচি		
১.	এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধকল্পে নিধনকৃত পোল্ট্রির ক্ষতিপুরণ প্রদান কর্মসূচি	২,৩
২.	বীফ ব্রীড ডেভেলপমেন্ট প্রোগ্রাম ইন বাংলাদেশ (১ম পর্যায়)	২,৩
৩.	প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন পুরাতন/জরাজীর্ণ ভবন সংস্কার ও মেরামত কর্মসূচি	১
৪.	গবাদি প্রাণি ও হাঁস-মুরগী পালন বিষয়ে ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি	১
৫.	গবাদি প্রাণী ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধে স্প্রে কার্যক্রম কর্মসূচি	১
৬.	ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্থ এলাকায় কৃষকদের সহায়তায় অগ্রাধিকার ভিত্তিক স্বল্প মেয়াদী প্রাণিসম্পদ পূনর্বাসন কর্মসূচি	১,২
অননুমোদিত কর্মসূচি		
১.	সরকারি গবাদিপ্রাণী ও হাঁস-মুরগির উৎপাদন জোরদারকরণ কর্মসূচি (২য় পর্যায়)	১-৮
২.	প্রাণিসম্পদের মাধ্যমে গোপালগঞ্জ জেলার দরিদ্র কৃষাণ-কৃষাণীদের আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মসূচি	১,২
৩.	ঢাকা চিড়িয়াখানার প্রাণি পাখির স্বাস্থ্যসেবা বৃদ্ধির জন্য চিকিৎসা ব্যবস্থাপনা জোরদারকরণ কর্মসূচি	১
৪.	কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকার চলমান কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি	২,৩,৪
5.	ডেইরী খামার উন্নয়নে ইনসেনটিভ সহায়তা কর্মসূচি	৩,৪

৫.৪ মৎস্য গবেষণা ইন্স্টিটিউট

৫.৪.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন বছরে ইন্স্টিটিউট থাই কৈ, গুজি ও নোনা টেংরা মাছের তিনটি প্রযুক্তি উদ্ভাবন করেছে। এ ছাড়া সুপার তেলাপিয়া, গলদা চিংড়ির উন্নত নার্সারী, পাহাড়ী ঘোনায় মাছ চাষ ও সোলার ড্রায়ারে মাছ শুকানো প্রযুক্তি উদ্ভাবন করেছে। বিগত তিন বছরে ইন্স্টিটিউট উদ্ভাবিত

প্রযুক্তিসমূহের মধ্যে মোট চারটি প্রযুক্তি মাঠ প্রর্যায়ে হস্তান্তর করেছে। ইন্‌স্টিটিউট উদ্ভাবিত প্রযুক্তির আলোকে উন্নত মৎস্য চাষ ও ব্যবস্থাপনা, মনোসেক্স তেলাপিয়ার পোনা উৎপাদন, চিংড়ি চাষ ব্যবস্থাপনা, ইলিশ সম্পদ সংরক্ষণ বিষয়ে মোট ৪০টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ১,২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন্‌স্টিটিউটের মোট ২৯ জন বিজ্ঞানী/কর্মকর্তা বিগত তিন বছরে বিভিন্ন দেশে কর্মশালা/ সেমিনার/ফেলোশিপ/স্বল্পকালীন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। একই সময়ে ৫ জন বিজ্ঞানী উচ্চ শিক্ষা লাভ করেছে। এ ছাড়া একটি গবেষণা উপকেন্দ্র স্থাপন, গবেষণার আধুনিক যন্ত্রপাতিসহ একটি পিপিআর ল্যাব স্থাপন ও ২ টি গবেষণাগার আধুনিকিকরণ করা হয়েছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্যে

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. মাছ ও চিংড়ি চাষের আধুনিক প্রযুক্তি এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ মাছের উন্নত জাত উদ্ভাবন	• মৎস্য ও চিংড়ি চাষের আধুনিক প্রযুক্তি উদ্ভাবন, লাল তেলাপিয়ার উন্নত জাত এবং দেশী ও থাই কৈ মাছের সংকর জাত উদ্ভাবন	৭
2. বিপন্ন প্রজাতির মাছের প্রজনন ও জীনপুল সংরক্ষণ বিষয়ক গবেষণা এবং প্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনা	• বিপন্ন প্রজাতির প্রজনন ও জীনপুল সংরক্ষণের মাধ্যমে দেশীয় মাছের জীব বৈচিত্র সংরক্ষণ	৭
৩. বায়োটেকনোলজি ব্যবহারের মাধ্যমে প্রাণিখাদ্যের পুষ্টিমান উন্নয়ন, ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান	• বায়োটেকনোলজিক্যাল গবেষণার মাধ্যমে রুই জাতীয় মাছের জাত উন্নয়ন • ১০০ জন মৎস্য চাষী, উদ্যোক্তা সম্প্রসারণ কর্মীকে উন্নত প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান • ৫ জন বিজ্ঞানিকে উচ্চ শিক্ষার সুযোগ প্রদান	
4. অভ্যন্তরীণ মুক্ত জলাশয়, উপকুলীয় ও সামুদ্রিক মৎস্য সম্পদের ব্যবস্থাপনা ও উন্নয়ন গবেষণা	• মুক্ত জলাশয়ে মাছ চাষ ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন • ইলিশ সম্পদ সংরক্ষণের জন্য অভয়াশ্রম সৃষ্টি • ইলিশ ব্যবস্থাপনা এ্যাকশন প্ল্যান প্রণয়ন	৭
5. মাছ ও চিংড়ি চাষের আধুনিক প্রযুক্তি ও বাণিজ্যিক গুরুত্বপূর্ণ মাছের উন্নত জাত উদ্ভাবন	• উপকূলীয় জলাশয়ে পরিবেশ বান্ধব চিংড়ি ও কাঁকড়া চাষ প্রযুক্তি উন্নয়ন • উপকুলীয় ও সামুদ্রিক পরিবেশ সংরক্ষণে সহায়ক ভূমিকা পালন	৭

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
1. মৎস্য চাষ ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন	সংখ্যা	৬	৫	৫	৩	৫	৫
2. প্রশিক্ষিত জনবল	জন	৪০০	৫০০	৫০০	৬০০	৭০০	৮০০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	৯,০০,০০	৯,৫৫,১৬	৯,৬৯,২৩	১০,৬৭,৫৮	১১,৬২,৭৫
উন্নয়ন	১৩,২৪,০০	৮,০১,০০	১৮,৭৬,০০	২৩,০০,০০	১৫,০০,০০
মোট	২২,২৪,০০	১৭,৫৬,১৬	২৮,৪৫,২৩	৩৩,৬৭,৫৮	২৬,৬২,৭৫

৫.৪.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অনুমোদিত প্রকল্প	
১। বাগেরহাট জেলায় চিংড়ি গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্প	৫
অননুমোদিত প্রকল্প	
১. Strengthening of Fisheries Research and Technology Transfer (2nd Phase)	৫
২. Modernization and Development of Reserch Facilities and Infrastructures for Strengthening Reverine fishries Research	১ ও ৫
৩. Impact of Aquaculture Drugs and Chemicals on Aquatic Ecology and productivity	৩ ও ৪
অননুমোদিত কর্মসূচি	
১। বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্‌স্টিটিউটের পাইকগাছাস্থ লোনাপানি কেন্দ্রের বিদ্যমান অবকাঠামো ও গবেষণা উন্নয়ন	১ ও ৫
২। দেশীয় মূল্যবান ও বিপন্ন প্রজাতির মাছের প্রজনন, চাষ এবং সংরক্ষণ	২

৫.৫ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্‌স্টিটিউট

৫.৫.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন বছর বি.এল.আর.আই. কর্তৃক ৬টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে, যা দেশের বিভিন্ন অঞ্চলের খামারীগণ কর্তৃক ব্যবহৃত হচ্ছে। গত তিন বছরে উদ্ভাবিত ঘাসের ৩টি জাতের মোট ২৫ মিলিয়ন কাটিং দেশের বিভিন্ন অঞ্চলে আগ্রহী খামারীদের মাঝে বিতরণ করা হয়েছে। একটি আন্তর্জাতিক মানের "ন্যাশনাল রেফারেন্স ল্যাব ফর এভিয়ান ইনফ্লুয়েঞ্জা" স্হাপন করা হয়েছে। উক্ত ল্যাবরেটরি হতে গত তিন বছরে ১৫,০০০ স্যাম্পল টেষ্ট করা হয়েছে। তার মধ্য হতে ৩৩০টি আক্রান্ত স্যাম্পল সনাক্ত করা হয়েছে। দেশী গরুর উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য বিএলআরআই ক্যাটল-১ জাত উদ্ভাবন করা হয়েছে। উক্ত জাতের ২৩টি গরু মাঠ পর্যায়ে খামারীদের মাঝে বিতরণ করা হয়েছে। পুষ্টি লাবরেটরি হতে ৪,০০০ নমুনার ফিড এনালাইসিস করে খামারীদের সহায়তা প্রদান করা হয়েছে। উদ্ভাবিত প্রযুক্তি খামারী,

সম্প্রসারণ কর্মীদের কাছে পৌঁছানোর জন্য লিফলেট ও জার্নাল প্রকাশ করা হয়েছে। এ ছাড়া বিগত ৩ বছরে উদ্ভাবিত প্রযুক্তি খামারীদের মাঝে সম্প্রসারণ/হস্তান্তর করার জন্য ৬,০০০ খামারী/সম্প্রসারণ কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. গরু, মহিষ, ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর জাত উন্নয়নে গবেষণা ও গবেষণালব্ধ ফলাফল হস্তান্তর	• গবাদি প্রাণি ও হাঁস-মুরগির নতুন ২ টি জাত উদ্ভাবন	০৭
২. বায়োটেকনোলজি ব্যবহারের মাধ্যমে প্রাণিখাদ্যের পুষ্টিমান উন্নয়ন, ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ এবং খামারীদের প্রশিক্ষণ প্রদান	• পুষ্টি সমৃদ্ধ প্রাণিখাদ্য উদ্ভাবন, রোগ বালাই প্রতিরোধ ও দমনের জন্য প্রাণিপাখির বিভিন্ন টিকা ও প্রতিরোধ কৌশল উদ্ভাবন অধিক উৎপাদনশীল ঘাসের জাত উদ্ভাবন • গবেষণা ফলাফল ও প্রযুক্তি সম্পর্কে সম্প্রসারণ কর্মি, খামারী উদ্যোক্তাদের অবগতকরণ ও প্রশিক্ষণ প্রদান	০৭

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। প্রযুক্তি উদ্ভাবন	সংখ্যা	-	4	2	3	4	5
২। প্রশিক্ষণ	জন	1,790	1,334	1,304	1,605	1,800	2,150

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	৭,০০,০০	৬,৯৮,৪২	৬,৬৩,৬১	৭,৫৭,৭৪	৮,০১,৫০
উন্নয়ন	৫,৬২,০০	১৮,৩৬,০০	১৫,৮৮,০০	২১,০০,০০	১০,০০,০০
মোট	১২,৬২,০০	২৫,৩৪,৪২	২২,৫১,৬১	২৮,৫৭,৭৪	১৮,০১,৫০

৫.৫.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট	১ -২
অনুমোদিত কর্মসূচি	
১। কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে প্রাণিসম্পদ প্রযুক্তি উদ্ভাবন ও পরীক্ষণ	১-২
অনুমোদিত প্রকল্প	
১। রেড চিটাগাং ক্যাটেল উন্নয়ন ও সংরক্ষণ	১-২

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
২। সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারে দেশী ভেড়া উন্নয়ন ও সংরক্ষণ	১-২
৩। পোল্ট্রি প্রযুক্তি উন্নয়ন ও পরীক্ষণ প্রকল্প	১-২
অননুমোদিত প্রকল্প	
১। স্ট্রেংদেনিং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম অব রিজিওনাল স্টেশন এন্ড অন ফার্ম ট্রায়াল ক্যাপাবিলিটি অব বিএল আর আই	১-২
২। মহিষ উন্নয়ন প্রকল্প	১-২

৫.৬ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

৫.৬.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন বছর মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মৎস্য ও প্রাণিপাখি পালন, জাটকা রক্ষায় করণীয়, পিরানহা মাছ চাষ না করা, সঠিক পদ্ধতিতে কোরবানীর প্রাণির চামড়া সংরক্ষণ ও মৎস্য সপ্তাহ সংক্রান্ত ইত্যাদি বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রায় ৭ লক্ষ কপি পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক-পুস্তিকা মুদ্রণপূর্বক তা বিনা মূল্যে জনসাধারণের নিকট বিতরণ করা হয়েছে। একই উদ্দেশ্যে বিগত তিন বছর ৮টি টিভি ফিলার নির্মাণসহ টিভি স্পট জিংগেল/কথিকা তৈরি করা হয়েছে এবং তা বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বেসরকারি টিভি চ্যানেলে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া বিগত তিন বছর বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় মৎস্য চাষ ও প্রাণি-পাখি সম্পর্কিত জনসচেতনতামূলক বিভিন্ন বিজ্ঞপ্তি ২৪৩ বার প্রকাশ করা হয়েছে। এসকল প্রচারণা দেশের জনসাধারণের মধ্যে মৎস্য ও প্রাণিপাখি পালন বিষয়ে আগ্রহ সৃষ্টিকরণ, জনসচেতনতা বৃদ্ধিকরণ ও আর্থসামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করেছে।

৫.৬.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. গ্রামীণ জনগণকে হাঁস-মুরগি পালন এবং দুগ্ধ ও পোল্ট্রিজাত পণ্য স্বাস্থ্যসম্মত বাজারজাতকরণ সম্পর্কিত বিষয়ে সম্প্রচারমূলক কার্যক্রম পরিচালনা	• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রচার সামগ্রী প্রদর্শণ এবং মৎস্য চাষী ও প্রাণিপালনকারীদের মধ্যে বিনা মূল্যে বিতরণ	৬
২. মৎস্য চাষে ও প্রাণিসম্পদ সম্প্রসারণে উদ্বুদ্ধকরণ, গণসচেতনতা সৃষ্টি, জাটকা নিধন প্রতিরোধ ইত্যাদি সম্প্রচারমূলক কার্যক্রম পরিচালনা	• জাটকা মাছ নিধন রোধ করাসহ মৎস্য ও প্রাণিম্পদ বিষয়ক বিভিন্ন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা এবং মৎস্যচাষী ও প্রাণিপালনকারীদের আর্থ-সামাজিক উন্নয়ন • মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং মৎস্যচাষী ও প্রাণিপালনকারীদের এ কাজে উদ্বুদ্ধ করা • মৎস্যচাষী প্রাণিপালনকারীদের আর্থ-সামাজিক উন্নয়ন ও জনসচেতনতা বৃদ্ধি করা	৭

৫.৬.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. মৎস্য চাষ সম্প্রর্কিত পোস্টার	সংখ্যা	৫০,০০০	৫০,০০০	৫০,০০০	৬০,০০০	১,০০,০০০	১,০০,০০০
২. মৎস্য সর্ম্পকিত লিফলেট/ফোল্ডার/ পুস্তক-পুস্তিকা মুদ্রণ	সংখ্যা	২৭,০০০	২,০০,০০	২,০০,০০০	৩,০০,০০০	৩,৫০,০০০	৪,৫০.০০
৩. প্রাণিসম্পদ সম্পর্কিত লিফলেট/ ফোল্ডার/পুস্তক-পুস্তিকা মুদ্রণ	সংখ্যা	২,০০,০০০	৩,৫০,০০০	৩,৫০,০০০	৩,০০,০০০	৩,৫০,০০০	৪,৫০,০০০
৪. মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টিভি ফিলার/স্পট/টেলপ নির্মাণ	সংখ্যা	৩	৬	৬	৮	১০	১২
৫. জাতীয় দৈনিকে জাটকা রক্ষা বিষয়ক বিজ্ঞপ্তি প্রচার	সংখ্যা	৯৫	১০০	১০০	১১০	১২০	১৩০
৬. জাটকা রক্ষায় করণীয় সম্পর্কে টেলিভিশিন এবং বেতার ব্যাপক প্রচারের ব্যবস্থা করা	সংখ্যা	২১২	৩০০	৩০০	৩২০	৩৫০	৩৬০

৫.৬.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	১,০৭,০০	১,১৬,০২	১,১৫,৯০	১,৩০,০০	১,৫০,০০
উন্নয়ন	০	০	০	০	০
মোট	১,০৭,০০	১,১৬,০২	১,১৫,৯০	১,৩০,০০	১,৫০,০০

৫.৬.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
১। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	১-৬
অনুমোদিত কর্মসূচি	
১। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্যসেবা জোরদারকরণ	১-৬

৫.৭ মেরিন ফিশারিজ একাডেমি

৫.৭.১ সাম্প্রতিক অর্জনঃ মেরিন ফিশারিজ একাডেমি, চট্রগ্রাম বিগত তিন বছরে একাডেমির তিনটি বিভাগ হতে মৎস্য শিকারে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ ও বাণিজ্যিক জাহাজ চালনার উপযোগী এবং রপ্তানীযোগ্য ১৩৫ জন প্রশিক্ষিত ক্যাডেট তৈরি করেছে। প্রশিক্ষণপ্রাপ্ত ক্যাডেটদের অনেকেই বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে বিগত অর্থবছরে প্রায় ১০.০০ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ অর্থ রেমিটেন্স আকারে দেশের জাতীয় অর্থনীতিতে যোগান দিয়েছে।

৫.৭.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের ফলাফল এবং সংশ্লিষ্ট অপারেশন ইউনিট

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. মৎস্য শিকারে নিয়োজিত যান্ত্রিক নৌকা ও ইঞ্জিনের সুষ্ঠ পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ	• ৬০ জন রপ্তানীযোগ্য দক্ষ জনশক্তি (নেভিগেটর) গড়ে তোলা • ১৪০ জনকে প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা	৪

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
২. মৎস্য শিকারে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ চালানোর উপযোগী সুদক্ষ জনশক্তি গড়ে তোলা	• ৩০ জন রপ্তানিযোগ্য দক্ষ জনশক্তি হিসাবে ফিশারিজ টেকনোলজিস্ট ও ফিশ প্রসেসিং টেকনোলজিস্ট তৈরি	৪
৩. সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ, সংরক্ষণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ	• ১০০ জনকে (মহিলাসহ) প্রশিক্ষণ প্রদান	৪

৫.৭.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ক্যাডেট প্রশিক্ষণ	জন	২৪	৪৪	৪৮	১০০	১০০	২০০
২. দক্ষ জনশক্তি (মৎস্য শিকারে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ চালানো)	জন	২০	৪০	৪০	৪০	৪০	৪০
৩. সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ, সংরক্ষণ, মান নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ	সংখ্যা	৮	৮	৮	৮	৯	১২

৫.৭.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	১,৪০,৯৪	১,৪৪,১৯	২,০৩,৪৩	২,২৬,২০	২,৫০,০০
উন্নয়ন	৫,৯৬,০০	২,৬৪,০০	৩,৪৩,০০	৮,০০,০০	১৭,০০,০০
মোট	৭,৩৬,৯৪	৪,০৮,১৯	৫,৪৬,৪৩	১০,২৬,২০	১৯,৫০,০০

৫.৭.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
১। মেরিন ফিসারিজ একাডেমি	১-৩
অনুমোদিত কর্মসূচি	
১। মেরিন ফিশারিজ একাডেমী জোরদারকরণ কর্মসূচি (২য় পর্যায়)	১-৩
অননুমোদিত প্রকল্প	
১। বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমীর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ প্রকল্প	১-৩
২। সিমুলেটর বেইজড আধুনিক প্রশিক্ষণ সুবিধা স্থাপন প্রকল্প	১-৩
৩। ফিশিং সিমেন্স ট্রেনিং ইন্‌স্টিটিউট স্থাপন প্রকল্প	১-৩
৪। সমুদ্র জরিপ কাম প্রশিক্ষণ জাহাজ সংগ্রহ প্রকল্প	১-৩

৫.৮ বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

৫.৮.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত ৩ বছরে বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিলের মাধ্যমে ৫৭২ জন ভেটেরিনারী ডাক্তারকে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে, যার মাধ্যমে কাউন্সিল ৮৫,৮০০ টাকা রাজস্ব আয় করেছে ।

৫.৮.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের ফলাফল, সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১ । ভেটেরিনারী ডাক্তারদের রেজিস্ট্রেশন প্রদান	• প্রতি বছর গড়ে ২৫০-৩০০ জন ভেটেরিনারী প্র্যাকটিশনারকে রেজিস্ট্রেশন প্রদান	৭

৫.৮.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। রেজিষ্ট্রেশন	সংখ্যা	২১৩	৩০০	৪০০	৫৫০	৬০০	৬৫০

৫.৮.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	২২,০০	২৫,৬৬	২৫,৩৪	২৫,৭০	২৬,৩০
উন্নয়ন	০	০	০	০	০
মোট	২২,০০	২৫,৬৬	২৫,৩৪	২৫,৭০	২৬,৩০

৫.৮.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	১

৫.৯ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

৫.৯.১ সাম্প্রতিক অর্জনঃ ঢাকা শহরে ইনসুলেটেড ফিশভ্যান দ্বারা বিএফডিসি'র মাছ বিক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বরিশালের মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার ইউনিটটির মার্কেট ভবন সম্প্রসারণ করা হয়েছে, ফলে আরো ২০জন আড়ৎদার মাছ অবতরণের সুযোগ পাবে। মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, পাথরঘাটার ইউনিটটি সিডর ও ঘূর্ণিঝড় আইলার কারণে মারাত্মক ক্ষতিগ্রস্ত হওয়ায় ট্রাক পার্কিং এরিয়া, পল্টুন ও গ্যাংওয়ে মেরামত করা হয়েছে এবং ১২০টি আইসক্যান তৈরি করে বরফ কলটি সচল করা হয়েছে। আমদানীকৃত দীর্ঘকালব্যাপী অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা ২০০৫.৪৩ কেজি চিংড়ি আহরণের জাল টেন্ডারের মধ্যেমে বিক্রী করা হয়েছে।

৫.৯.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের ফলাফল, সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ঢাকা মহানগরে মৎস্য বিপণন সুবিধাদি স্থাপন	• ঢাকা মহানগরে ফরমালিন মুক্ত তাজা মাছ বিপণন সুবিধাদি স্থাপন	৩
২. কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধি, সংরক্ষণ ও ব্যবস্থাপনা জোরদার করণ	• প্রতিবছর কাপ্তাই লেকে উন্নত প্রজাতির মাছের পোনা অবমুক্তি • মৎস্য চাষ, মৎস্য অবতরণ, সংরক্ষণ ও বিতরণের জন্য অবকাঠামোগত	৩

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	সুবিধাদি স্থাপন ● বড় আকারের মাছের পোনার অভয়াশ্রম তৈরি	
৩. মৎস্য অবতরণ, বরফ উৎপাদন ও বিপণন, মৎস্য প্রক্রিয়াকরণ ও হিমায়নের জন্য অবকাঠামো উন্নয়ন এবং মেরিন ওয়ার্কশপে নৌযান মেরামত	● বিএফডিসির নিজস্ব প্ল্যান্টে বরফ উৎপাদন করে বিপণন ● চট্টগ্রাম ও কক্সবাজার প্রক্রিয়াকরণ কারখানায় মৎস্য ব্যবসায়ীদের মাছ/চিংড়ী প্রক্রিয়াকণ, হিমায়ণ ও সংরক্ষণ	৩

৫.৯.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। সামুদ্রিক মৎষ্য উন্নয়ন ও আহরণ এবং মেরিন ওয়ার্কশপে নৌযান মেরামত	শতাংশ	-	-৩	৪৮	৪৯	--	--
২। মৎস্য বিপণন ও ব্যবস্থাপনা	শতাংশ	১৮%	৮২%	৪১%	৪১%	-	-
৩। লেকে মৎস্য চাষ	শতাংশ	-	-	-	২৫%	৫০%	২৫%

৫.৯.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	১,৪৪,১৭	১,৪৪,১৭	০	০	০
উন্নয়ন	৬,৫৭,০০	৩,৭৪,০০	৮,২৮,০০	১৩,০০,০০	১০,০০,০০
মোট	৮,০১,১৭	৫,১৮,১৭	৮,২৮,০০	১৩,০০,০০	১০,০০,০০

৫.৯.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	১-৩
অনুমোদিত প্রকল্প	
১। ঢাকা মহানগরে মৎস্য বিপণন সুবিধাদি স্থাপন প্রকল্প	১
২। মাল্টি চ্যানেল স্লীপওয়ে নির্মাণ প্রকল্প	৩
সম্ভাব্য প্রকল্প	
১। বিএফডিসির কার্যক্রম জোরদারকরনের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প	১,৩
২। ভ্যালু এ্যাডেড ফিস প্রোডাক্ট প্রকল্প	১,৩
৩। বিএফডিসির বিভিন্ন অবকাঠামো উন্নয়ন ও প্রতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ প্রকল্প	১,৩